



তারিখ: মে ০৯, ২০২২

স্মারক নং: ববি/রেজি/অবি/৮৮৬

অফিস বিজ্ঞপ্তি

(সামার-২০২২ সেমিস্টারে ভর্তি ও টিউশন ফি প্রদান - ফার্মেসী ব্যতীত)

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, **সামার-২০২২** সেমিস্টারে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তির সময় সীমা ও টিউশন ফি প্রদানের তারিখ নিম্নরূপ নির্ধারণ করা হয়েছে:

- ভর্তির সময় সীমা: মে ১২, ২০২২ থেকে জুন ২৬, ২০২২ তারিখ পর্যন্ত
- জরিমানা ব্যতীত ১ম কিস্তির টাকা পরিশোধের শেষ সময়: জুন ২৬, ২০২২
- জরিমানা ব্যতীত ২য় কিস্তির টাকা পরিশোধের শেষ সময়: আগস্ট ০৭, ২০২২

শিক্ষার্থীর টিউশন ফি প্রদানের পে-স্লিপ বিভাগের প্রোগ্রাম অফিসে পাওয়া যাবে। জুন ২৬, ২০২২ তারিখের মধ্যে প্রত্যেক শিক্ষার্থীকে ব্যাংকে (মিউচুয়াল ট্রাস্ট ব্যাংকের যেকোন শাখায়) অথবা মোবাইল ব্যাংকিং (রকেট/বিকাশ) এর মাধ্যমে টাকা প্রদান করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। রকেটে নিজস্ব একাউন্ট থেকে টিউশন ফি জমা দিলে অতিরিক্ত কোন সার্ভিস চার্জ লাগবে না।

বিলম্ব ফি (প্রতিদিন ৫০ টাকা): জুন ২৬, ২০২২ তারিখের পরে ১ম কিস্তির টাকা এবং আগস্ট ০৭, ২০২২ তারিখের পরে ২য় কিস্তির টাকা জমা দিলে বিলম্ব ফি হিসেবে প্রতি দিনের জন্য ৫০ টাকা জরিমানা প্রযোজ্য হবে।

ক্লাস শুরু: মে ২৯, ২০২২ তারিখ (রবিবার)

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

পারমিতা জামান

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. মাননীয় উপাচার্য, উপ-উপাচার্য, নির্বাহী পরিচালক, পরিচালক (ইন্টারনাল অডিট), বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
২. সকল বিভাগ: বিভাগীয় প্রধান/কো-অর্ডিনেটর/শিক্ষক/প্রোগ্রাম অফিস, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
৩. অফিস: সকল অফিস, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
৪. অফিস কপি